taungya
An Organization
For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নংঃ টংগ্যা-২৭/ ৪১ /২৩ তারিখঃ ০৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

টংগ্যা রাঙামাটিস্থ একটি অলাভজনক, অরাজনৈতিক ও বেসরকারী উন্নয়ন সংস্থা যা ১৯৯৬ খ্রিঃ থেকে তিন পার্বত্য জেলায় সুবিধা বঞ্চিত ও প্রান্তিক সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, ভাষা, সাহিত্য, কৃষ্টি-সংস্কৃতি, প্রথা ও রীতি, প্রথাগত জ্ঞান-বিজ্ঞান ও চিকিৎসা বিদ্যা সংরক্ষণ ও প্রচার করা, পার্বত্য অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণ ও উন্নয়ন, যুব উন্নয়ন, আদিবাসী নারী ও শিশু অধিকার সংরক্ষণ, শিক্ষার প্রসার ইত্যাদি বিষয় নিয়ে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি ও আর্থিক সহযোগীতায় টংগ্যা, রাঙামাটি জেলার অর্ন্তগত জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ও মৈদং ইউনিয়নে "Partnership for Resilient Livelihoods in CHT Region (PRLC)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে সেখানকার মানুষের জীবন ও জীবিকায়ন উন্নয়নে কাজ করতে যাচ্ছে। উক্ত প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পদসমূহে ও শর্তে আগ্রহী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্র. নং. | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন/ভাতা |
|---|---|---|---|---|
| ১. | প্রজেক্ট কো-অর্ডিনেটর (Project Co-ordinator) | ১ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে Agriculture, Animal Husbandry, Fisheries বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা সমমানের ডিগ্রি অথবা Sociology, Anthropology, Development Studies/ Nutrition বিষয়ে সম্মান বা সমমানের ডিগ্রি এবং পার্বত্য এলাকায় livelihood বিষয়ে ৫-৭ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ৫৩,০০০ |
| ২. | টেকনিক্যাল অফিসার (Technical Officer) | ১ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে B.Sc. in Agriculture/Fisheries/Livestock degree/ Diploma in Agriculture Science এবং উন্নয়ন সংস্থায় ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | ৩৩,৫০০ |
| ৩. | মনিটরিং অফিসার (Monitoring Officer) | ১ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে Statistics, Sociology, Anthropology, Social Science বিষয়ে এমএ/এমএসসি বা সম্মান বা সমমানের স্নাতক ডিগ্রি এবং এনজিওতে মনিটরিং কাজে ৩-৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ৩৩,৫০০ |
| ৪. | ফিন্যান্স ও এডমিন অফিসার (Finance and Admin Officer) | ১ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে MBA/MBS (Accounting/Management) বা BBA/BBS in Accounting /Management এবং একাউন্টিং, ফিন্যান্স ও এডমিন সংশ্লিষ্ট কাজে এনজিওতে ৩-৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | ৩৩,৫০০ |
| ৫. | প্যারামেডিক (Paramedic) | ১ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে প্যারামেডিক্যাল কোর্সের উপর ডিপ্লোমাধারী হতে হবে এবং এনজিওতে ৩ বছর মাঠ পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ২৫,০০০ |
| ৬. | অর্গানাইজার (Organizer) | ২ | সরকারিভাবে স্বীকৃত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে Diploma in Agriculture Science/Graduation এবং এনজিওতে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতার বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | ১৮,০০০ |
| ৭. | হেল্থ ওয়ার্কার (Health Worker/CNHP) | ২ | যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী পাশ এবং বেসরকারী উন্নয়ন সংস্থায় পুষ্টি বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতার বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | ১৫,০০০ |
| ৮. | সাপোর্ট স্টাফ (Support Staff) | ১ | উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে এনজিওতে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। রান্নার কাজে পারদর্শী প্রার্থীর অতিরিক্ত যোগ্যাতা হিসাবে বিবেচনা করা হবে। | ১২,০০০ |



Rajbari Road, Rangamati Sadar, Post Code-4500, Rangamati Hill District, Bangladesh
Phone no-02333371837, Email: taungyacht@gmail.com, Website: www.taungya.org

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | কমিউনিটি মবিলাইজার (Community Mobilizer) | ৪ | সরকারিভাবে স্বীকৃতি প্রাপ্ত কলেজ বা বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক/এইচএসসি পাশ। এনজিওতে কমিউনিটি মোবিলাইজেশন কাজে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ১০,০০০ |
| ১০. | নিউট্রিশন আপা (Nutrition Apa) | ৪ | উচ্চ মাধ্যমিক/মাধ্যমিক পাশ এবং Community mobilization, community-based group supervision and monitoring বিষয়ে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতার বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | ১০,০০০ |

**১. আবেদন করার নিয়ম-**

- নির্বাহী পরিচালক, টংগ্যা, রাজবাড়ি সড়ক, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলা বরাবরে আবেদন করতে হবে;
- আবেদন পত্রের সাথে যে সকল নথিপত্র সংযুক্ত করতে হবে-
  ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি-২ টি;
  খ) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত এবং এতে অন্যান্য তথ্যের সাথে যা অবশ্যই উল্লেখ থাকতে হবে- প্রার্থীর সক্রিয় মোবাইল নম্বর, ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে বয়স, মোট কত বছরের অভিজ্ঞতা এবং দুই জন পরিচয়দানকারী (Referree) ব্যক্তির তথ্য, মোবাইল ফোন নম্বর ও প্রযোজ্য ক্ষেত্রে ইমেইল উল্লেখ করা;
  গ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদপত্রের ফটোকপি এবং ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে);
  ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
  ঙ) চাকমা সার্কেল চিফ/হেডম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে স্থায়ী বাসিন্দা সনদ পত্রের ফটোকপি;
- আবেদন পত্র ই-মেইলে- taungya.info@gmail.com অথবা হার্ডকপি সরাসরি (টংগ্যা প্রধান কার্যালয়) এসে জমা দেয় যাবে;
- আবেদন পত্র ১৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে;
- যারা হার্ডকপি জমা দিবেন তারা অবশ্যই খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করবেন;
- অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল হিসেবে গণ্য করা হবে;

**২. আবেদন করার শর্তসমূহ**

- ১ হতে ৬ নং পদে তিন পার্বত্য জেলায় বসবাসকারী স্থায়ী বাসিন্দা যে কেউ আবেদন করতে পারবেন। তবে জুরাছড়ি উপজেলা হতে উপযুক্ত ও যোগ্য প্রার্থী পাওয়া গেলে তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৮ নং পদে জুরাছড়ি উপজেলার যোগ্য প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে, তবে অভিজ্ঞতার বিবেচনায় এ শর্ত শিথিলযোগ্য।
- ৭, ৯ ও ১০ নং পদে জুরাছড়ি উপজেলার দুমদুম্যা ও মৈদং ইউনিয়নের প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে, তবে উপযুক্ততা ও অভিজ্ঞতার বিবেচনায় ৭ নং পদের জন্য এ শর্ত শিথিলযোগ্য।

**৩. বিশেষ দ্রষ্টব্য**

- **যে সকল প্রার্থী নিয়োগ প্রক্রিয়া বাধাগ্রস্ত করা বা নানাভাবে সুপারিশ বা তদবিরের মাধ্যমে প্রভাবিত করার চেষ্টা করবেন তাদের আবেদন বাতিল করা হবে।**
- ১,২,৩ ও ৮ নং পদের প্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে এবং মোটরসাইকেল চালনায় দক্ষ হলে, তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
- উপযুক্ত নারী প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- যে সকল পদ প্রার্থী আবেদন করবেন তাদের দুর্গম অঞ্চলে কাজ করার ও নিয়মিতভাবে অবস্থান করার মানসিকতা থাকতে হবে।
- বিজ্ঞপ্তিকৃত পদের কর্মপরিধি (Job Description) সমূহ এই ওয়েব লিংক হতে পাওয়া যাবে https://rb.gy/m417h
- শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার (লিখিত ও মৌখিক) জন্য আহ্বান করা হবে।
- এই নিয়োগ প্রক্রিয়া বিষয়ে টংগ্যা কর্তৃপক্ষ যে কোনো সিদ্ধান্ত গ্রহন করার অধিকার সংরক্ষণ করেন।

____________
(প্রানজিত দেওয়ান)
নির্বাহী পরিচালক
টংগ্যা



Rajbari Road, Rangamati Sadar, Post Code-4500, Rangamati Hill District, Bangladesh
Phone no-02333371837, Email: taungyacht@gmail.com, Website: www.taungya.org